

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২০

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তি তার জান-মাল নিরাপদ করতে পারবে, যখন সে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আনিত সমস্ত বিধানের প্রতি ঈমান আনবে এবং তদনুযায়ী আমল করবে শুধু শুধু উল্লেখিত শাহাদাহর উপর নির্ভর করে থাকবে না

ذَكَرُ الْبَيَانَ أَنَّ الْمَرْءَ إِنَّمَا يُحَقِّنُ دَمَهُ وَمَالَهُ إِذَا آمَنَ بِكُلِّ مَا جَاءَ بِهِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ اللَّهِ جَلَّ وَعَلَا وَفَعَلَهَا دُونَ الْإِعْتِمَادِ عَلَى الشَّهَادَتَيْنِ اللَّتَيْنِ وَصَفْنَاهُمَا قَبْلُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ حَدَّثَنَا الدَّرَاوَرْدِيُّ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَقُولُوا لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَآمَنُوا بِي وَبِمَا جِئْتُ بِهِ فَإِذَا فَعَلُوا عَصَمُوا مِنِّي دِمَاءَهُمْ وَأَمْوَالَهُمْ إِلَّا بِحَقِّهَا وَحِسَابُهُمْ عَلَى اللَّهِ".

الراوي: أبو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 220 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২২০. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: 'আমি আদিষ্ট হয়েছি মানুষের সাথে সংগ্রাম করতে, যতক্ষণ না তারা এই সাক্ষ্য দেয় যে, 'আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই। এবং আমি ও আমার আনিত সমস্ত বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করবে, যখন তারা এমনটি করবে, তখন তারা আমার থেকে তাদের রক্ত ও সম্পদ নিরাপদ করে নিবে। তবে সম্পদের হক ব্যতীত। আর তাদের হিসাব আল্লাহর উপর বর্তাবে।'[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২১; বাইহাকী: ৮/২০২; দারাকুতনী: ২/৮৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/১২২; আবু

দাউদ: ২৬৪০; তিরমিযী: ২৬০৬; ইবনু মাজাহ: ৩৯২৭; মুসনাদ আহমাদ: ২/৩১৪; নাসাঈ: ৬/৬; বাগাবী: ৩১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৪০৭।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88431>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন